



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/9/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল মন্টাউক পয়েন্টের তীরে পাখি সংরক্ষণ অঞ্চল নির্ধারিত করার আইনে স্বাক্ষর করেছেন

আইন S.2273/A.5550 পাখি সংরক্ষণ এলাকা হিসাবে মন্টাউক পয়েন্টের উপকূলবর্তী সামুদ্রিক এবং উপকূলীয় অঞ্চলকে নির্ধারিত করে

[ইভেন্টটির ছবিগুলো দেখুন](#)

গভর্নর ক্যাথি হোকল আজ, মন্টাউকের নির্বাচিত কর্মকর্তা এবং কমিউনিটির স্টেকহোল্ডারদের সাথে নিয়ে, একটি আইনে স্বাক্ষর করেছেন যা পরিবেশ সংরক্ষণ বিভাগকে (Department of Environmental Conservation) মন্টাউক পয়েন্টের তীরে সামুদ্রিক এবং উপকূলীয় অঞ্চলগুলিকে পাখি সংরক্ষণ অঞ্চল হিসাবে নির্ধারিত করার নির্দেশ দেবে।

“আমাদের পরিবেশ এবং এর উপর নির্ভরশীল বাস্তুতন্ত্র রক্ষার ক্ষেত্রে নিউইয়র্ক দেশের একজন পথপ্রদর্শক,” বলেছেন গভর্নর হোকলা “এই কারণেই আমি মন্টাউক পয়েন্ট শোয়াল অঞ্চলকে পাখি সংরক্ষণ এলাকা হিসেবে মনোনীত করার জন্য এই আইনে স্বাক্ষর করছি।”

আইন S.2273/A.5550 মন্টাউক পয়েন্ট শোয়াল অঞ্চলকে একটি পাখি সংরক্ষণ এলাকা হিসেবে নির্ধারণ করে। এই অঞ্চলটিতে এমন জলাশয়গুলি রয়েছে যেগুলির গভীরতা ষাট ফুট বা তার কম এবং উপকূলরেখা থেকে সাড়ে তিন থেকে চার মাইলের মধ্যে।

নিউ ইয়র্ক স্টেট পাখি সংরক্ষণ অঞ্চল (The New York State Bird Conservation Area, BCA) কর্মসূচিটি 1997 সালে স্টেটের ভূমি এবং জলে পাখির সংখ্যা এবং তাদের আবাসস্থল রক্ষা এবং উন্নত করার জন্য প্রতিষ্ঠিত হয়েছিল। আইনটি পরিবেশ সংরক্ষণ বিভাগ, উদ্যান, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিস, (Office of Parks, Recreation and Historic Preservation) এবং ডিপার্টমেন্ট অফ স্টেট (Department of State) BCA গুলিকে যেটি সঠিক বলে মনে হয় তা নির্ধারণ করার অধিকার প্রদান করে। BCA কর্মসূচির লক্ষ্য হল আগ্রহী স্টেকহোল্ডারদের সাথে কাজ করার পাশাপাশি, এজেন্সির লক্ষ্যগুলির প্রেক্ষাপটে, এজেন্সি পরিকল্পনা, ব্যবস্থাপনা এবং গবেষণা প্রকল্পগুলিতে পাখি সংরক্ষণের আগ্রহগুলিকে সমন্বিত করা। আজ পর্যন্ত, 59টি BCA-কে বিদ্যমান প্রক্রিয়ার মাধ্যমে সফলভাবে মনোনীত করা হয়েছে।

স্টেট সিনেটর অ্যান্টনি পালুসো বলেছেন, “আইনসভায় এই বিলের স্পনসর হিসাবে, আমার মনে হয় মন্টাউক পয়েন্টকে একটি ঐতিহাসিক স্থান এবং এই অঞ্চলের মাছ ধরা এবং সামুদ্রিক ঐতিহ্যের প্রতীক হিসাবে আবার স্বীকৃতি দেওয়াই শুধুমাত্র গুরুত্বপূর্ণ নয় বরং এর শোলগুলিকে চিনতে ও রক্ষা করাও গুরুত্বপূর্ণ যা হাজার হাজার জলচর পাখি এবং পেলাজিক সামুদ্রিক পাখির জন্য একটি গুরুত্বপূর্ণ আবাসস্থল। পরিবেশের প্রতি তার প্রতিশ্রুতি এবং এই গুরুত্বপূর্ণ সংরক্ষণ ও বন্যপ্রাণী সুরক্ষা বিলকে স্বাক্ষর করে আইনে পরিণত করার জন্য গভর্নর ক্যাথি হোকলকে আমি ধন্যবাদ ও সাধুবাদ জানাই। স্টেট অ্যাসেম্বলির মাধ্যমে বিলটি পাশ করার ক্ষেত্রে অ্যাসেম্বলিমেশ্বার ফ্রেড থিয়েলার অবদানের জন্য তাকেও আমি ধন্যবাদ জানাই। এই দ্বিপক্ষীয় ব্যবস্থা বিপন্ন বন্যপ্রাণী রক্ষা, আমাদের বাস্তুতন্ত্রকে শক্তিশালী করতে এবং আগামী প্রজন্মের জন্য আমাদের উপকূলীয় জলের উন্নতির জন্য আমাদের প্রচেষ্টার একটি ধারাবাহিকতা।”

অ্যাসেম্বলি মেম্বার ফ্রেড থিলি বলেছেন, “মন্টাউক পয়েন্ট শোলস লক্ষাধিক জলচর পাখি এবং সামুদ্রিক পাখির একটি গুরুত্বপূর্ণ আবাসস্থল। এই অঞ্চলটি নিয়মিত ভাবে অন্তত দুই হাজার পাখিকে সহায়তা করে। এর মধ্যে কিছু প্রজাতি লুপ্তপ্রায় এবং ঝুঁকির সম্মুখীন। মন্টাউক পয়েন্ট শোলস বৃষ্টি এবং তুষার গলিত জল দূষণকারী এবং অন্যান্য দূষিত পদার্থের মাধ্যমে হুমকির সম্মুখীন। খোলা জায়গা সংরক্ষণ এবং জলের গুণমান উন্নত করার ক্রমাগত প্রচেষ্টার মাধ্যমে, এই অঞ্চলটিকে মন্টাউক পয়েন্ট শোলস পাখি সংরক্ষণ অঞ্চল হিসাবে চিহ্নিত করা এই গুরুত্বপূর্ণ আবাসস্থলকে সুরক্ষিত করা নিশ্চিত করতে সহায়তা করবে। এই আইনে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে আমি ধন্যবাদ জানাই যা পূর্ব সীমান্তের কমিউনিটির চরিত্রের একটি গুরুত্বপূর্ণ অংশ সংরক্ষণ করবে।”

মন্টাউক থেকে বাফেলো, নিউ ইয়র্ক পর্যন্ত অঞ্চল অভূতপূর্ব আবাসের একটি বিস্তৃত পরিসর যা 450টিরও বেশি বিভিন্ন প্রজাতির পাখিকে সমর্থন করে। বার্ডিং, বা বার্ডওয়াচিং হল দ্রুত বর্ধনশীল বহিরঙ্গন বিনোদনমূলক ক্রিয়াকলাপগুলির মধ্যে একটি যা সমস্ত বয়সের এবং অভিজ্ঞতার দ্বারা উপভোগ করা যেতে পারে সেইসাথে এটি [গেট অফলাইন, গেট আউটসাইড \(Get Offline, Get Outside\)](#)-এর একটি দারুণ উপায়। [নিউ ইয়র্ক স্টেট বার্ডিং ট্রেইল \(New York State Birding Trail\)](#) পাখিদের প্রাকৃতিক আবাসস্থলে পর্যবেক্ষণ করার ব্যতিক্রমী অ্যাক্সেস এবং একটি উচ্চ-মানের, দীর্ঘস্থায়ী প্রকৃতির অভিজ্ঞতা প্রদান করে। ট্রেইলটি নতুন পাখিদের এবং—বয়স, ক্ষমতা, পরিচয় বা পটভূমি নির্বিশেষে সমস্ত নিউ ইয়র্কবাসী এবং ভিজিটরদের—নিউ ইয়র্ক স্টেটে দেখতে পাওয়া পাখিদের প্রাকৃতিক আবাসস্থলে পর্যবেক্ষণ করার বৈচিত্র্যময় এবং অনন্য সুযোগগুলিকে তুলে ধরে উৎসাহিত করে। ট্রেইলটি ভৌতভাবে সংযুক্ত বা নির্মিত কোনো ট্রেইল নয়, তবে পাখিদের প্রাকৃতিক আবাসস্থলে পর্যবেক্ষণ করার প্রচারিত অবস্থানগুলির একটি নেটওয়ার্ক যা গাড়ি বা গণপরিবহনের মাধ্যমে অ্যাক্সেস করা যেতে পারে এবং [মন্টাউক পয়েন্ট স্টেট পার্ক \(Montauk Point State Park\)](#)-এ একটি অসাধারণ অঞ্চল সহ, সকলের জন্য একটি ব্যাপক অভিজ্ঞতা প্রদান করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে

টেক্সট পাঠান

[আনসাব,স্ক্রাইব করুন](#)